

পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)

পানি সম্পদ মন্ত্রণালয়

ওয়ারপো ভবন, ৭২ গ্রিন রোড, ঢাকা।

www.warpo.gov.bd

বিষয়ঃ পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর কারিগরি কমিটি'র ৫ম সভার কার্যবিবরণী।

সভাপতি	:	একেএম ফজলুল হক, সদস্য (সচিব), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন।
সভার স্থান	:	পরিকল্পনা কমিশন এর সম্মেলন কক্ষ (ভবন নং ২, কক্ষ নং ৫, পরিকল্পনা কমিশন, ঢাকা)।
তারিখ ও সময়	:	২৭ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ, রোজ বৃহস্পতিবার, বেলা ২:০০ ঘটিকা।
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'

২.০ প্রেক্ষাপটঃ

২.১ সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে উপস্থিত সদস্যগণ পরিচিতি পর্বে অংশ নেন। অতঃপর সভাপতি কারিগরি কমিটির সদস্য-সচিব ও মহাপরিচালক, ওয়ারপোকে সভার আলোচ্যসূচী উপস্থাপনের জন্য অনুরোধ করেন। এ পর্যায়ে কারিগরি কমিটির সদস্য-সচিব জানান যে, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ (১৯৯২ সনের ১২ নং আইন) এর ধারা ৩ মোতাবেক গঠিত পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ একটি সংবিধিবদ্ধ সংস্থা। উক্ত আইনের ধারা ৬ অনুসারে সংস্থাটি পরিচালনার জন্য ১০ (দশ) সদস্য বিশিষ্ট একটি পরিচালনা বোর্ড রয়েছে যার চেয়ারম্যান পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় এবং ভাইস-চেয়ারম্যান পরিকল্পনা কমিশন এর কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ এর সম্মানিত সদস্য মহোদয়।

২.২ উক্ত আইনের ধারা ১১ অনুযায়ী পাঁচ সদস্য বিশিষ্ট ওয়ারপো'র একটি কারিগরি কমিটি রয়েছে, যার চেয়ারম্যান পরিকল্পনা কমিশন এর কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ এর সম্মানিত সদস্য মহোদয়। ওয়ারপো'র কারিগরি কমিটির মূল দায়িত্ব হল পানি সম্পদ উন্নয়নকল্পে মহাপরিকল্পনা প্রণয়ন এবং পানি সম্পদ উন্নয়ন ও ব্যবহারের সহিত সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের পারস্পরিক সমস্যা নিরসনে সংস্থাকে পরামর্শ প্রদান করা। কারিগরি কমিটির ৪র্থ সভা বিগত ৩১ মে ২০২২ খ্রিস্টাব্দে অনুষ্ঠিত হয়েছে। বর্তমানে ওয়ারপো পরিচালনার স্বার্থে কতিপয় গুরুত্বপূর্ণ বিষয় আলোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ এবং বোর্ডকে সহায়তা করার জন্য কারিগরি কমিটির ৫ম সভার আয়োজন করা হয়েছে।

৩.০ আলোচনাঃ

৩.১ সভায় কারিগরি কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় কার্যবিবরণীর উপর কমিটির সকলে মতামত প্রকাশ করেন। আলোচনা শেষে ওয়ারপো কর্তৃক কারিগরি কমিটির ৪র্থ সভায় গৃহীত ৪.১ ও ৪.২ নং সিদ্ধান্ত দুটির উপর প্রয়োজনীয় সংশোধনী সাপেক্ষে কার্যবিবরণীটি দৃঢ়করণের সুপারিশ করা হয়।

৩.২ সভায় কারিগরি কমিটির ৪র্থ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি বিস্তারিত পর্যালোচনা করা হয়। এসময় কমিটির সকলকে অবহিত করা হয় যে, ওয়ারপো'র কারিগরি কমিটির ৪র্থ সভায় গৃহীত ১২টি সিদ্ধান্তের মধ্যে ২টি সিদ্ধান্তের বাস্তবায়ন পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ এর সংশোধনের সময় বিবেচনা করা হবে। বাকি ১০ টি সিদ্ধান্তের মধ্যে ৯টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে এবং অবশিষ্ট ১টি সিদ্ধান্তের (বৃহৎ শিল্প ও বাণিজ্যিক খাতে ভূ-গর্ভস্থ পানি উত্তোলনকারীদের নিকট থেকে পানির মূল্য আদায়ের লক্ষ্যে খসড়া নীতিমালা প্রণয়ন) বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। সভায় ওয়ারপো'র কারিগরি কমিটির ৪র্থ সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে সভাপতি সন্তোষ প্রকাশ করেন।

৩.৩ ওয়ারপো কর্তৃক অবহিত করা হয় যে, জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা (NWMP) হালনাগাদ করার জন্য বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর ১৫ নং ধারা অনুযায়ী জাতীয় পানি সম্পদ পরিকল্পনা (NWRP) শীর্ষক একটি প্রকল্প প্রস্তাব প্রণয়ন করে ২০১৫ সালে পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। পানি সম্পদ মন্ত্রণালয়ের যাচাই কমিটির সভা শেষে টিএপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। বিগত ০৭ মার্চ ২০২২ তারিখে উক্ত প্রকল্পের উপর পরিকল্পনা কমিশনের কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক পিইসি সভা অনুষ্ঠিত হয়। পিইসি সভায় উক্ত প্রকল্পের উপর পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনৈতিক বিভাগ এর মতামত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। ওয়ারপো কর্তৃক প্রস্তাবিত প্রকল্পের সর্বশেষ অগ্রগতি বিষয়ে মহাপরিচালক, ওয়ারপো জানান যে, সাধারণ অর্থনীতি বিভাগ (জিইডি) গত ২০ জুলাই ২০২৩ তারিখে বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ এর সাথে দ্বৈততা না হওয়া; পিএসসি, পিআইসি ও মধ্যবর্তী মূল্যায়ন কমিটিতে সাধারণ অর্থনীতি বিভাগের প্রতিনিধি অন্তর্ভুক্ত করা ও প্রকল্প দলিল সাধারণ অর্থনীতি বিভাগের সাথে পরামর্শক্রমে চূড়ান্ত করা ইত্যাদি শর্তপূরণ সাপেক্ষে অনাপত্তি প্রদান করেছে। এর প্রেক্ষিতে প্রকল্প দলিল দ্রুততার সাথে পরিকল্পনা কমিশন এর কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগে প্রেরণের সুপারিশ করা হয়।

৩.৪ মহাপরিচালক, ওয়ারপো সভাকে অবহিত করেন যে, ওয়ারপো কর্তৃক বাংলাদেশের উত্তর-পশ্চিমাঞ্চলের রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ ও নওগাঁ জেলায় “সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনায় বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ কার্যকরকরণ” শীর্ষক একটি প্রকল্প জানুয়ারি ২০২০ থেকে জুন ২০২৩ মেয়াদকালে বাস্তবায়িত হয়েছে। প্রকল্পটির উদ্দেশ্য ছিল সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনায় বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর কার্যকর প্রয়োগে প্রকল্প এলাকার ইউনিয়ন পর্যায়ে পর্যন্ত ভূ-গর্ভস্থ ও ভূ-পরিষ্ক পানি সম্পদের প্রাপ্যতা এবং ভূ-গর্ভস্থ পানিধারক স্তরের নিরাপদ আহরণ সীমা নিরূপনসহ পানি সংকটাপন্ন এলাকা নির্ধারণ করা। প্রকল্পটি সফলভাবে সমাপ্ত হয়েছে। বাস্তবায়িত প্রকল্পের প্রাপ্ত ফলাফলের বিষয়ে সভাপতি সন্তোষ প্রকাশ করেন। প্রকল্পটির সফলতার ধারাবাহিকতায় ওয়ারপো কর্তৃক “বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর কার্যকর প্রয়োগে বাংলাদেশের উত্তর কেন্দ্রীয় হাইড্রোলজিক্যাল অঞ্চলের ১০টি জেলায় পানি সম্পদের প্রাপ্যতা এবং ভূ-গর্ভস্থ-পানিধারক স্তরের নিরাপদ আহরণ সীমা নিরূপন” শীর্ষক প্রকল্প প্রস্তাব পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। প্রকল্পটির মূল উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশের উত্তর-কেন্দ্রীয় হাইড্রোলজিক্যাল অঞ্চলের ১০টি জেলায় বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর কার্যকর প্রয়োগের লক্ষ্যে ভূ-গর্ভস্থ ও ভূপরিষ্ক পানি সম্পদের প্রাপ্যতা, গুনগতমান এবং ভূগর্ভস্থ পানিধারক স্তরের নিরাপদ আহরণ সীমা নিরূপন করা। এ সময় সভাপতি ওয়ারপো কর্তৃক বাস্তবায়িত প্রকল্প থেকে প্রাপ্ত ফলাফলের সার-সংক্ষেপ প্রস্তাবিত প্রকল্প দলিলে অন্তর্ভুক্ত করে পানি সম্পদ মন্ত্রণালয়ের মাধ্যমে প্রকল্প প্রস্তাবটি পরিকল্পনা কমিশনের কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগে প্রেরণের সুপারিশ করেন।

৩.৫ ওয়ারপো'র মহাপরিচালক জানান, সরকারি ও বেসরকারি ব্যক্তি বা সংস্থা এবং বৃহৎ শিল্প ও বাণিজ্যিক খাতে ভূ-গর্ভস্থ পানি উত্তোলনকারীদের নিকট থেকে পানির মূল্য আদায়ের লক্ষ্যে একটি খসড়া নীতিমালা প্রণয়ন করা হয়েছে। এ পর্যায়ে পানির মূল্য আদায়ের বিষয়টি আইনের মধ্যে অন্তর্ভুক্তকরণ ও নীতিমালা তৈরির জন্য একজন আইন বিশেষজ্ঞ নিয়োগ করার সুপারিশ করা হয় যাতে করে অন্য কোন আইন ও বিধির

সাথে সাংঘর্ষিক না হয়। তাছাড়া, খসড়া নীতিমালাটির অনুমোদনের নিমিত্তে ওয়ারপো'র পরিচালনা বোর্ডের পরবর্তী সভায় উপস্থাপনের সুপারিশ করা হয়।

৩.৬ মহাপরিচালক, ওয়ারপো জানান যে, প্রকল্পের ছাড়পত্র ও অনাপত্তি সহজীকরণের জন্য যথাক্রমে 'Online Water Resources Project Clearance of Bangladesh' ও 'Online No Objection Certificate System for Ground Water Abstraction' নামে দুটি অনলাইন টুল প্রস্তুত করা হয়েছে। কিন্তু এই টুলস দুটি ব্যবহার করে বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক ওয়ারপো থেকে ছাড়পত্র/অনাপত্তি গ্রহণ কাজিষ্কৃত মানে পৌঁছায়নি। এ পর্যায়ে অনলাইন টুল ২টির ব্যবহার বৃদ্ধির জন্য সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানকে অবহিত করে পত্র প্রেরণ করতে হবে এবং তা কার্যকরভাবে বাস্তবায়নের জন্য আলোচনা ও মত বিনিময় সভা অব্যাহত রাখার পরামর্শ দেওয়া হয়।

৪.০ সিদ্ধান্তসমূহঃ

৪.১ ওয়ারপো'র কারিগরি কমিটির ৪র্থ সভায় গৃহীত ৪.১ ও ৪.২ নং সিদ্ধান্ত দুটি পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)'র পরিচালনা বোর্ডের ১৪ তম সভার আলোচ্যসূচী ৪ এর সিদ্ধান্ত "পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ সংশোধনের সময় কার্যপরিধি, তহবিল ইত্যাদি বিষয়সমূহ বিবেচনায় এনে সংশোধনের পদক্ষেপ গ্রহণ করতে হবে" এর আলোকে পরবর্তীতে পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ সংশোধনের সময় ওয়ারপো'র উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ তহবিল বিধিমালা-২০১৪ (খসড়া) এর প্রস্তাবিত সংশোধনের বিষয়টি বিবেচনা করতে হবে। ওয়ারপো'র কারিগরি কমিটির ৪র্থ সভার সিদ্ধান্তের অংশে উক্তরূপ সংশোধনপূর্বক কার্যবিবরণীর অবশিষ্ট সিদ্ধান্তসমূহ দৃঢ়করণ করা হয়।

৪.২ পরিকল্পনা কমিশনের কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক পানি সম্পদ সংশ্লিষ্ট প্রকল্প অনুমোদনের পূর্বে ওয়ারপো'র ছাড়পত্র গ্রহণ নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে উক্ত বিভাগ সংশ্লিষ্ট প্রকল্প প্রস্তাবকারী প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদান করবে। পরিকল্পনা কমিশনের কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ ব্যতীত পরিকল্পনা কমিশনের অন্যান্য বিভাগ (ভৌত অবকাঠামো, শিল্প ও শক্তি, আর্থ-সামাজিক অবকাঠামো, সাধারণ অর্থনীতি বিভাগ, কার্যক্রম বিভাগ ইত্যাদি) উক্ত বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট অন্যান্য বিভাগকে পত্রের মাধ্যমে ওয়ারপো'র ছাড়পত্র গ্রহণের বিষয়টি অবহিত করতে হবে।

৪.৩ প্রকল্প ছাড়পত্র ও অনাপত্তিপত্রসহ বিভিন্ন সেবা প্রদানের জন্য ফি আদায়ের প্রস্তাবটি পানি সম্পদ মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ বিভাগের অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.৪ ওয়ারপো কর্তৃক প্রণীত কারিগরি কমিটির কার্যপরিধি পরিবর্ধনের খসড়া প্রস্তাবটি পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ এর প্রয়োজনীয় সংশোধনের সময় বিবেচনা করে সংশোধিত আইনে অন্তর্ভুক্ত করতে হবে।।

৪.৫ পরিকল্পনা কমিশনের কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ পানি সম্পদ সংশ্লিষ্ট প্রকল্পের Project Steering Committee (PSC), Project Implementation Committee (PIC) এবং Project Evaluation Committee (PEC) তে ওয়ারপো'র প্রতিনিধি অন্তর্ভুক্তকরণের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। পরিকল্পনা কমিশনের কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ ব্যতীত পরিকল্পনা কমিশনের অন্যান্য বিভাগ (ভৌত অবকাঠামো, শিল্প ও শক্তি, আর্থ-সামাজিক অবকাঠামো, সাধারণ অর্থনীতি বিভাগ, কার্যক্রম বিভাগ ইত্যাদি) যাতে উক্ত বিষয়ে পদক্ষেপ গ্রহণ করে সেজন্য সংশ্লিষ্ট অন্যান্য বিভাগকে পত্রের মাধ্যমে অবহিত করতে হবে।



৪.৬ ওয়ারপো কর্তৃক প্রস্তাবিত “জাতীয় পানি সম্পদ পরিকল্পনা (NWRP)” শীর্ষক প্রকল্পের প্রকল্প দলিল পরিকল্পনা কমিশন এর কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগে প্রেরণের জন্য ওয়ারপো প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

৪.৭ বিগত প্রকল্পের সফলতার ধারাবাহিকতায় ওয়ারপো কর্তৃক প্রস্তাবিত “বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর কার্যকর প্রয়োগে বাংলাদেশের উত্তর কেন্দ্রীয় হাইড্রোলজিক্যাল অঞ্চলের ১০টি জেলায় পানি সম্পদের প্রাপ্যতা এবং ভূগর্ভস্থ পানিধারক স্তরের নিরাপদ আহরণ সীমা নিরূপণ” শীর্ষক প্রকল্পটি একটি গুরুত্বপূর্ণ প্রকল্প হিসেবে কারিগরি কমিটি মত প্রকাশ করে। এমতাবস্থায়, প্রকল্প দলিলের সাথে বিগত সমাপ্ত প্রকল্পের ফলাফলের সার-সংক্ষেপ সংযুক্ত করে পানি সম্পদ মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনে দ্রুততার সাথে প্রেরণের জন্য ওয়ারপো প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

৪.৮ ওয়ারপো কর্তৃক বৃহৎ শিল্প ও বাণিজ্যিক খাতে ভূ-গর্ভস্থ পানি উত্তোলনকারীদের নিকট থেকে পানির মূল্য আদায়ের লক্ষ্যে খসড়া নীতিমালা প্রণয়ন করে ওয়ারপো’র পরিচালনা বোর্ডের পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। তাছাড়া, পানির মূল্য আদায়ের বিষয়টি আইনি কাঠামোর মধ্যে অন্তর্ভুক্ত করতে হবে।

৪.৯ ওয়ারপো কর্তৃক প্রস্তুতকৃত ‘Online Water Resources Project Clearance of Bangladesh’ ও ‘Online No Objection Certificate System for Ground Water Abstraction’ অনলাইন টুল ২টির ব্যবহার বৃদ্ধির জন্য সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানকে অবহিত করে পত্র প্রেরণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(একেএম ফারুক হক)

সদস্য (সচিব), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ
পরিকল্পনা কমিশন

ও

চেয়ারম্যান, ওয়ারপো কারিগরি কমিটি